



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
পার্সোনেল শাখা
প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা



নম্বর ২৮.১১.০০০০.০০০.১১.০০৩.২৪.৬১.

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০

০৯ এপ্রিল ২০২৪

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিজিডিসিএল এর চলমান নিয়োগ সংক্রান্তে সতর্কীকরণ

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এর কর্মকর্তা পর্যায়ে চলমান নিয়োগ সংক্রান্তে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে,

ক) নিয়োগ সংক্রান্তে যে কোন ব্যক্তি বা দালাল হতে বিরত/সতর্ক থাকার জন্য পরামর্শ দেয়া হল। এতদসত্ত্বেও কোন ব্যক্তি/প্রার্থী যে কোন আর্থিক লেনদেনের সাথে সম্পৃক্ত হলে কিংবা নিয়োগবিধি বহির্ভূত কর্মকান্ডে জড়িত হলে তজ্জন্য বিজিডিসিএল কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

খ) নিয়োগের বিষয়ে যে কোন ধরণের সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

গ) নিয়োগ সংশ্লিষ্ট হালনাগাদ তথ্যাদির বিষয়ে বিজিডিসিএল এর ওয়েবসাইট (www.bgdcl.gov.bd) নিয়মিত পরিদর্শন করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

৯-৪-২০২৪

প্রকৌঃ মোঃ সাইফুল আলম ভূইয়া
মহাব্যবস্থাপক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব ও
আহবায়ক, সিনিয়র ও জুনিয়র সিলেকশন
কমিটি

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২) উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৩) উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), আইটি ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(ওয়েবসাইটে প্রদর্শনের নিমিত্ত)
- ৪) অফিস কপি